দৈনিক সংবাদ

তারিখ ... 22 JAN 1997 ...
পৃঃ ১ . কলাম ৩ ......

ঢাঃ বিঃ অনার্সে ভর্তি পরীক্ষা

# সব অনুষদেই এমসিকিউ পদ্ধতির প্রচলন হতে পারে

॥ কৈলাস সরকার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনার্স ভর্তি পরীক্ষা পদ্ধতিতে এবার থেকে সকল অনুষদের ভর্তি পরীক্ষায় এম সি কিউ পদ্ধতি চালু করা হতে পারে। 'রচনামূলক' ও 'এক কথায় উত্তর'-এর পরিবর্তে এ পদ্ধতি চালু হবে বলে সংশ্লিষ্ট সূত্র জানায়।

সূত্রমতে, ছাত্রদের নকল প্রবণতা রোধ, একজনের খাতা অন্যে যাতে দেখে লিখতে না পারে এবং শিক্ষকরা যাতে পরীক্ষার খাতা পরিপূর্ণভাবে নিরীক্ষণ করতে পারেন সে জন্যই এ পদ্ধতি চালু হবে। সূত্র জানায়, পরীক্ষায় যদি রচনামূলক প্রশ্ন করা হয় তাহলে ছাত্ররা নকলের সুবিধা নিতে পারে। খাতা নিরীক্ষণ করতেও দীর্ঘ সময় লাগে। এতে অনেক সময় শিক্ষকরা অধৈর্য হয়ে পড়েন এবং তারা সম্পূর্ণভাবে খাতা নিরীক্ষণ করেন না।

''এক কথায় উত্তর'' পদ্ধতির কুফল সম্পর্কে সূত্র জানায়, এক্ষেত্রে নকল প্রবণতার চেয়ে আরো বেশি যে সমস্যা তাহলো একজনের খাতা অন্যে দেখে লেখা।'' পরীক্ষায় প্রশ্নপত্র যদি এম সি কিউ পদ্ধতিতে হয় তাহলে এ সমস্যার হাত থেকে রক্ষা পাওয়া যাবে। সূত্রমতে এম সি

ঢাঃ বিঃ - পৃঃ ১২ কঃ ৬

ঢাঃ বি ঃ এমসিকিউ

( ১ম পৃষ্ঠার পর )

কিউ পদ্ধতিতে যেহেতু ৪টি উত্তর থেকে একটি বাছাই করতে হবে তাই কোন প্রশ্নের উত্তর দিতে হলে সে ছাত্রকে নিজের থেকেই চেষ্টা করতে হবে।

তবে সূত্র জানায়, কিছু কিছু শিক্ষক তাদের ব্যক্তিস্বার্থে এম সি কিউ পদ্ধতির বিরোধিতা করছেন। বিরোধিতার কারণ সম্পর্কে সূত্র জানায়, এম সি কিউ পদ্ধতির খাতার চেয়ে রচনামূলক পরীক্ষার খাতায় পারিশ্রমিক বেশি পাওয়া যায়।

দেখা গেছে যে, সমস্ত ইউনিটে ভর্তি পরীক্ষা নেয়া হয় তাদের প্রত্যেকটিতেই সংশ্লিষ্ট বিষয়সমূহের সাথে বাংলা ও ইংরেজি থাকে। কিন্তু 'ক', 'গ' ও 'ঘ' ইউনিটের পরীক্ষায় ১০০ নম্বরের মধ্যে ১০০ নম্বরই এম সি কিউ পদ্ধতিতে পরীক্ষা নেয়া হয়।